

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
www.ssd.gov.bd  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ (জানুয়ারি-মার্চ, ২০২২) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ২৭ মার্চ ২০২২ তারিখে কমিটির সভাপতি সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) এর সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয় (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ১৩ মার্চ ২০২২ তারিখের সভার সিদ্ধান্তসমূহ:

- (ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য পর্যায়ক্রমে ফরম সংযোজনকরণ;
- (খ) আইসিটি সেল কর্তৃক এ বিভাগের সকল শাখা হতে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ফরম সংগ্রহের জন্য এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ বরাবর পত্র প্রেরণ;
- (গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে প্রযোজ্য ক্ষেত্রে পর্যায়ক্রমে ফরম সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশকরণ।


সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত):

- (ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে ফরম সংযোজনপূর্বক তা পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে কিনা তা যাচাই করা;
- (খ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবার বিপরীতে অনুবিভাগ ভিত্তিক কতগুলো ফরম সংযোজন করা হয়েছে এবং ফরমের লিংকসমূহ সঠিকভাবে কাজ করে কিনা তা যাচাই-বাছাই করা।
- (গ) জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রদান, স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান, বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান, প্যারোলে মুক্তি প্রদান সেবা কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩১ মার্চ ২০২২ তারিখে যাচাই-বাছাইপূর্বক দেখা যায় যে, (ক) সিদ্ধান্তের আলোকে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিভিন্ন অনুবিভাগ হতে প্রাপ্ত ফরমসমূহ সংযোজনপূর্বক তা পিডিএফ ফাইল আকারে সুরক্ষা সেবা বিভাগের তথ্য বাতায়নে ২৮ মার্চ ২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে।

(খ) সিদ্ধান্তের আলোকে দেখা যায় যে, নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগের নাগরিক সেবা সংশ্লিষ্ট ০৯টি (০৮টি এমএস ওয়ার্ড/পিডিএফ এবং ০১টি অনলাইন) ফরম, আইন ও শৃঙ্খলা অনুবিভাগের নাগরিক সেবা সংশ্লিষ্ট ০৬টি (০৪টি পিডিএফ এবং ০২টি অনলাইন) ফরম, সকল অনুবিভাগ সংশ্লিষ্ট ১৭টি (এমএস ওয়ার্ড/পিডিএফ) প্রাতিষ্ঠানিক সেবার ফরম, প্রশাসন ও অর্থ অনুবিভাগ এবং আইন ও শৃঙ্খলা অনুবিভাগ সংশ্লিষ্ট ০২টি (এমএস ওয়ার্ড/পিডিএফ) অভ্যন্তরীণ সেবা সংশ্লিষ্ট ফরম



সংযোজনপূর্বক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। প্রতিটি ফরমের লিংক যাচাইপূর্বক দেখা যায়, প্রতিটি ফরমের লিংক সঠিকভাবে কাজ করছে।

(গ) সিদ্ধান্তের আলোকে দেখা যায় যে, জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রদান সেবার বিপরীতে মোট ৭১৯টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ২৭২টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ৪৪৭টি আবেদনের প্রেক্ষিতে এসবি/এনএসআই হতে প্রয়োজনীয় প্রতিবেদন এখনো পাওয়া যায়নি বিধায় নির্ধারিত সময়ের মধ্যে ৪৪৭টি আবেদন নিষ্পন্ন করা যায়নি মর্মে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা অবহিত করেছেন।

জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান সেবার বিপরীতে ৪৩৭টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ৪৩৭টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে।

জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান সেবার বিপরীতে ১৭০টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ১৬০টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ১০টি আবেদনের প্রেক্ষিতে এসবি/এনএসআই হতে প্রয়োজনীয় প্রতিবেদন এখনো পাওয়া যায়নি বিধায় নির্ধারিত সময়ের মধ্যে ১০টি আবেদন নিষ্পন্ন করা যায়নি মর্মে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা অবহিত করেছেন।

জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে প্যারোলে মুক্তি প্রদান সেবার বিপরীতে ৫টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ৫টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে।

৩. প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

Ayul  
৩২/০৬/২০২২

প্রকৌ: মো: আইয়ুব হোসেন  
প্রোগ্রামার, আইসিটি সেল  
সুরক্ষা সেবা বিভাগ  
বরগঞ্জ মন্ত্রণালয়

সৈয়দ বেলাল হোসেন  
অতিরিক্ত সচিব  
সুরক্ষা সেবা বিভাগ  
বরগঞ্জ মন্ত্রণালয়